# NYC কভার পান!

## বিশেষ নথিভুক্তকরণের সময় স্বাস্থ্য বিমার মাধ্যমে



## জীবন-পরিবর্তন হতে পারে এমন কোনো ঘটনা ঘটেছে বা প্রত্যাশা করছেন?

### আপনি যোগ্য কিনা সে বিষয়ে যদি নিশ্চিত নন?

কোনো সমস্যা নেই আপনি যে কোনো সময় NY State of Health-এর মাধ্যমে আবেদন করতে পারেন।

সরকারি স্বাস্থ্য বিমা প্রোগ্রাম যেমন Medicaid, অত্যাবশ্যক প্ল্যান এবং Child Health Plus সারা বছর ধরে উপলব্ধ।

বেসরকারি স্বাস্থ্য বিমা মুক্ত নথিভুক্তকরণের সময় উপলব্ধ হয় বা যদি আপনি যোগ্যতার ইভেন্টের অভিজ্ঞতা পান।

---

### যোগ্য হওয়ার ইভেন্টগুলোর উদাহরণ হল:

- বিয়ে হওয়া বা পারিবারিক সম্পর্কে প্রবেশ করা
- গর্ভবতী হওয়া অথবা সন্তান থাকা
- আপনার অভিবাসন স্থিতির পরিবর্তন হওয়া
- চাকরি পরিবর্তন
- নিউইয়র্কে যাচ্ছেন বা এক প্রদেশ থেকে অন্য প্রদেশে যাচ্ছেন
- আপনার স্বাস্থ্য বিমার কভারেজ হারিয়ে যাওয়া

## এছাড়াও আপনি 1লা ফেব্রুয়ারী- 31শে অক্টোবর পর্যন্ত বিশেষ নথিভুক্তকরণের জন্য যোগ্য হতে পারেন

### আমার কভারেজের বিকল্পগুলো কী কী?

আপনি যদি কোনো চাকরি বা পরিবারের সদস্যের মাধ্যমে কভারেজ না পান তাহলে আপনি হয়ত NY State of Health, অফিসিয়াল স্বাস্থ্য প্ল্যান মার্কেটপ্লেস-এর মাধ্যমে কম খরচে বিকল্প খুঁজে পেতে পারেন।

NY State of Health এর মাধ্যমে:

- অনলাইনে, ফোন করে বা নিজে উপস্থিত হয়ে আবেদন করুন। ফোন করে এবং নিজে উপস্থিত হওয়ার ক্ষেত্রে একাধিক ভাষায় সহায়তা পাওয়া যায়
- আপনি যেসব স্বাস্থ্য প্ল্যানের জন্য যোগ্য মার্কেটপ্লেসে সেগুলোর নথিভুক্তকরণ সম্পর্কে সহায়তা পান
- আপনি আর্থিক সহায়তা পাবেন কিনা জানতে তার জন্য একটি আবেদন পত্র পূরণ করুন
- সম-লিঙ্গের দম্পতিদের আয় যোগ্য হলে এবং একসাথে কর প্রদান করলে বেসরকারি স্বাস্থ্য বিমা কেনায় সাহায্য পেতে ট্যাক্স ক্রেডিট পেতে পারেন

আপনিও সরাসরি কোনো বিমা সংস্থার কাছ থেকে বেসরকারি বিমা পরিষেবা নিতে পারেন, কিন্তু আপনি এটি করলে আর্থিক সহায়তা পাবেন না।

### আমি মুক্ত নথিভুক্তিকরণ মিস করলে কী হবে?

যদি আপনার জীবনে এমন কোনো ঘটনা ঘটে যার ফলে আপনার জীবন পরিবর্তন হতে পারে তাহলে হয়তো, আপনি বিশেষ নথিভুক্তকরণ সময়ে যোগ্য হবেন। যদি আপনি বিশেষ নথিভুক্তকরণ সময়কালের জন্য যোগ্য হন তাহলে আপনি এইসব করতে NY State of Health এ যান:

- নতুন কভারেজের জন্য অবিলম্বে সাইন আপ বা আপনার স্বাস্থ্য প্ল্যান পরিবর্তন করা পরবর্তী মুক্ত নথিভুক্তকরণের সময়কালের জন্য অপেক্ষা করতে হবে না
- কিছু ক্ষেত্রে আপনাকে এটি পরিবর্তনের জন্য অবশ্যই আপনার স্বাস্থ্য কভারেজ থাকতে হবে

### বিশেষ নথিভুক্তিকরণের সময়কালগুলো সীমিত-সময় ভিত্তিক

- আপনি যদি নিজে থেকে বিমা করে থাকেন বা করছেন, তাহলে আপনাকে অবশ্যই যোগ্যতা উত্তীর্ণ হওয়ার ঘটনাটির 60 দিনের মধ্যে উদ্যোগ নিতে হবে
- যত দ্রুত সম্ভব NY State of Health এর সঙ্গে যোগাযোগ করুন
- আপনি যদি একটি চাকরির মাধ্যমে কভারেজ পান, তাহলে আপনার নিয়োগকর্তার মাধ্যমে পরিবর্তন করার জন্য যোগ্যতা উত্তীর্ণ হওয়ার ঘটনাটির সময় থেকে আপনার কাছে মাত্র 30 দিন থাকতে পারে

NYC Human Resources Administration Department of Social Services | HEALTH INSURANCE LINK

FLY 934 (E)
Rev. 02/16

## আমি শেষ মুক্ত নথিভুক্তকরণ সময়কালে স্বাস্থ্য প্ল্যানের জন্য সাইন আপ করেছি। আমি কিভাবে এতে পরিবর্তন করব?

আপনার যদি যোগ্যতা উত্তীর্ণ হওয়ার ঘটনা থাকে তাহলে আপনার স্বাস্থ্য প্ল্যানের পরিবর্তনের জন্য NY State of Health এর সঙ্গে যোগাযোগ করুন। এছাড়াও আপনি পরবর্তী মুক্ত নথিভুক্তকরণ সময়ে আপনার প্ল্যান পরিবর্তন করতে পারেন।

## আমি কি আমার ডাক্তারের কাছে দেখানো চালিয়ে যেতে পারি?

আপনি যদি আপনার ডাক্তারকে দেখাতে চান, তাহলে তিনি কোন স্বাস্থ্য প্ল্যানগুলো মঞ্জুর করেন তা তাকে জিজ্ঞাসা করুন।

ডাক্তার ও হাসপাতালগুলো কোন বিমা প্রদানকারীর সঙ্গে চুক্তিবদ্ধ তা দেখতে আপনি NY State of Health ওয়েবসাইটে ডাক্তার ও হাসপাতাল দিয়ে অনুসন্ধান করতে পারেন।

## আমার যদি বিমা না থাকে এবং ডাক্তারের কাছে যাওয়ার প্রয়োজন হয় তাহলে কী হবে?

আপনার যদি স্বাস্থ্য বিমা না থাকে এবং পরিচর্যার প্রয়োজন হয়, তাহলে সেক্ষেত্রে তখনও আপনি এটি NYC তে পেতে পারেন। শহরের সরকারি হাসপাতাল ব্যবস্থা ( NYC Health + Hospitals) ও কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রগুলো আপনার আয় অনুসারে কম খরচে চিকিৎসার সুবিধা দিয়ে থাকে।

বিমাহীন দের জন্য স্বাস্থ্য পরিচর্যার সংস্থান সম্পর্কে আরও জানতে nyc.gov/hilink দেখুন।

## আমার যদি বিমা না থাকে ও যৌন এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য সেবার প্রয়োজন হয় তাহলে কী হবে?

Family Planning Benefit Program এর মাধ্যমে যোগ্য পুরুষ ও মহিলাদের জন্য প্রিভেন্টিভ স্ক্রীনিং ও STI পরীক্ষা সহ বিনামূল্যে এবং গোপনীয় প্রজনন স্বাস্থ্য সেবা উপলব্ধ রয়েছে। আরও জানতে nyc.gov/hilink/famplan এ যান।

## আমার যদি স্বাস্থ্য বিমার প্রয়োজন হয় তাহলে আমার অভিবাসনের স্থিতির কী কোনো ভূমিকা আছে?

এটি নির্ভর করে। যে কেউ NY State of Health তে বিকল্প স্বাস্থ্য বিমার জন্য খুঁজতে পারে। কিছু প্রোগ্রাম নির্দিষ্ট ধরনের অভিবাসনে সীমিত থাকবে:

- নাগরিক, গ্রীন কার্ডধারী এবং আইনগতভাবে উপস্থিত বাসিন্দারা * NY State of Health-এ সরকারি বা বেসরকারি বিমার জন্য প্রবেশাধিকার পেতে পারেন
- সমস্ত শিশু অভিবাসন স্থিতি নির্বিশেষে Child Health Plus জন্য যোগ্য
- সমস্ত গর্ভবতী মহিলা যাদের আয় কম তারা অভিবাসন স্থিতি নির্বিশেষে Medicaid পরিষেবা পাবেন
- কিছু অভিবাসী, যেমন ডিফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভল (শৈশবে আগমন জন্য বিলম্বিত পদক্ষেপ), Medicaid-এর জন্য যোগ্য হলেও NY State of Health-এর বেসরকারি বিমার যোগ্য নন
- নাম নথিবদ্ধ হয়নি এমন অভিবাসীরা যাদের আয় স্বল্প তারা Medicaid এর জন্য আগে থেকে অনুমোদিত হতে পারেন, যেটি কেবলমাত্র জরুরি স্বাস্থ্য সমস্যার কভার দেয়

* আইনগতভাবে বসবাসকারী সাময়িক বাসিন্দারা যেমন বৈধ ভিসা সহ শিক্ষার্থীরা।

যদি আপনার অভিবাসন স্থিতির পরিবর্তন হয় তাহলে আপনি NY State of Health-এর মাধ্যমে আপনি বিশেষ নথিভুক্তকরণ সময়ের সময় কভারেজ বিকল্পে নাম নথিভুক্ত করানোর জন্য যোগ্য।

সকল বাসিন্দারা কভারেজের জন্য বেসরকারি বিমা সংস্থাগুলোর কাছে সরাসরি আবেদন করতে পারেন।

স্বাস্থ্য বিমা পেলে তা আপনাকে একটি গ্রীন কার্ড, নাগরিকত্ব, বা একজন আত্মীয়ের স্পনসরশিপ পেতে বাধা দেবে না।

## আরো তথ্যের জন্য

311 বা 1-855-355-5777 নম্বরে ফোন করুন

NY State of Health-এর ওয়েবসাইট

nystateofhealth.ny.gov দেখুন

বিনামূল্যে ব্যক্তি সহায়তা পেতে CoveredNYC লিখে 877877 নম্বরে পাঠিয়ে দিন



Copyright 2016,The City of New York. Human Resources Administration/Department of Social Services. এই সামগ্রীর সমগ্র বা আংশিক অংশ পুনরায় তৈরি করতে অনুমতির জন্য New York City Human Resources Administration-এর সঙ্গে যোগাযোগ করুন।